

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮০৬

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই কারণে কুরাইশরা ইবরাহিম আলাইহিস সালামের ভিত্তিসমূহ থেকে কমিয়ে দিয়েছিল তার বিবরণ

ذَكَرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا اقْتَصَرَ الْقَوْمُ فِي بِنَاءِ الْكَعْبَةِ عَلَى قَوَاعِدِ إِبْرَاهِيمَ

আরবী

3806 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ الْعَبْدِيُّ عَنْ شُعْبَةَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْأَسْوَدِ: أَنَّ ابْنَ الزُّبَيْرِ سَأَلَ الْأَسْوَدَ - وَكَانَ يَأْتِي عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا وَكَانَتْ تُفَضِّي إِلَيْهِ -؛ قَالَ الْأَسْوَدُ: قَالَتْ عَائِشَةُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْلَا أَنَّ قَوْمَكَ حَدِيثُ عَهْدٍ بِجَاهِلِيَّةٍ لَهَدَمْتُ الْكَعْبَةَ وَجَعَلْتُ لَهَا بَابَيْنِ) فَهَدَمَهُ ابْنُ الزُّبَيْرِ وَجَعَلَ لَهَا بَابَيْنِ.

الراوي : الْأَسْوَدُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3806 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (43) ،

((الإرواء)) (1106): ق.

বাংলা

৩৮০৬. আসওয়াদ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, “আব্দুল্লাহ বিন যুবাইর রাদিয়াল্লাহু আনহুমা আসওয়াদ রাদিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন। -আর আসওয়াদ রাদিয়াল্লাহু আনহু আয়িশা রাদিয়াল্লাহু আনহা-র কাছে আসতেন আর আয়িশা রাদিয়াল্লাহু আনহাও তার কাছে যেতেন।- আসওয়াদ রাদিয়াল্লাহু আনহু বলেন, “আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যদি তোমার সম্প্রদায় জাহেলী যুগের নিকটবর্তী না হতো, তবে অবশ্যই আমি বাইতুল্লাহকে ভেঙ্গে দিতাম এবং সেটার দুটি দরজা করে দিতাম।”

রাবী বলেন, “অতঃপর আব্দুল্লাহ বিন যুবাইর রাদিয়াল্লাহু আনহুমা বাইতুল্লাহকে ভেঙ্গে দেন এবং সেটার দুটি দরজা করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩০২০; হাকিম: ১/৪৭৯-৪৮০; সুনান বাইহাকী: ৫/৯০; মুসনাদ আহমাদ: ৬/২৩৯; সহীহুল বুখারী: ১৫৮৬; নাসাঈ: ৫/২১৬; দারেমী: ২/৫৩-৫৪; সহীহ মুসলিম: ১৩৩৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আসওয়াদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93145>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন